

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
[www. bb.org.bd](http://www.bb.org.bd)

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-০৯

০৫ জ্যৈষ্ঠ, ১৪২১
তারিখ : -----
১৯ মে, ২০১৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।


প্রিয় মহোদয়গণ,

জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১২/মুসক/২০১৪ প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত বিশেষ আদেশ নং-১২/মুসক/২০১৪, তারিখঃ ২৪ এপ্রিল, ২০১৪ এর প্রতিলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।

আপনাদের বিশ্বস্ত,



(জগন্নাথ চন্দ্র ঘোষ)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

[মূল্য সংযোজন কর]

আদেশ

বিশেষ আদেশ নং- ১২/মূসক/২০১৪

তারিখঃ ১১ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ / ২৪ এপ্রিল, ২০১৪ খৃঃ।

যেহেতু, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিঃ (বিটিসিএল) গ্রাহকদের নিকট থেকে যে সেবামূল্য আদায় করে তার উপর ১৫% হারে মূসক পরিশোধের পর উক্ত সেবামূল্যের অংশ বিশেষ বহির্গামী (Outgoing) টেলিফোন কল, Internet Bandwidth Service, Satellite Channel Service (Intelsat), Inmarsat Service বা অনুরূপ কোন সেবার মূল্য বাবদ দেশের বাইরের প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করে থাকে;

যেহেতু, গ্রাহক পর্যায়ে সেবার বিপরীতে সমুদয় মূসক আদায় ও পরিশোধ করা হয় এবং যেহেতু, আদায়কৃত সেবামূল্যের রেভিনিউ শেয়ারিং হিসাবে বিদেশী প্রতিষ্ঠানকে পরিশোধযোগ্য অংশের উপর মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮ক এর উপবিধি (৩) অনুযায়ী ব্যাংক কর্তৃক ১৫% হারে মূসক উৎসে আদায়/কর্তনের বাধ্যবাধকতা থাকায় এক্ষেত্রে ঠিকতকর আরোপিত হয়;

সেহেতু, ঠিকতকর পরিহারের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে বিটিসিএল কর্তৃক বিদেশী প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রায় পরিশোধিতব্য সেবামূল্যের উপর প্রযোজ্য মূসক হতে অব্যাহতি প্রদান করল।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(জিএম শাখা)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ডায়েরী নং... ৫৬৫৬
তারিখ... ২৪/০৪/১৪

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/ ২৪/০৪/২০১৪:

মোঃ শওকাত হোসেন
প্রথম সচিব (মূসক অব্যাহতি)

উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা। [প্রকাশিত গেজেটের ১০০০ (একহাজার) কপি জাতীয় রাজস্ব বোর্ডকে সরবরাহ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৯.০১০.১৪/ ২১৬৮

তারিখ : ২৪/০৪/২০১৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ৩-৫। সদস্য (মূসক নীতি)/সদস্য (মূসক বাস্তবায়ন)/সদস্য (আয়কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৮। মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, গুলফেশা প্রাঙ্গণ, মগবাজার, ঢাকা।
- ১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিঃ, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইন্সটান গার্ডেন, ঢাকা- ১০০০।
- ২০। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ২১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২২। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৩। দ্বিতীয় সচিব (মূসক- বাস্তবায়ন পণ্য/বাস্তবায়ন সেবা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৪। অফিস কপি/গার্ড নথি।

সদয় অবগতির জন্য :

- ১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় ডাক ও টেলিযোগাযোগমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৪.০৪.১৪

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)